



ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)

নয়ারহাট, সাভার, ঢাকা

সূত্র : নিটার/প্রশাসন/দপ্তর-নির্দেশ/২০১৩৪৪(৮)/২০২২/ ৫২৩

তারিখ : ০১/১০/২০২২

২০২১-২০২২ শিক্ষাবর্ষে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ কর্তৃক গত ২৯-০৯-২০২২ তারিখে প্রকাশিত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি-১ অনুযায়ী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে নিটারে বি.এসসি. ইঞ্জিনিয়ারিং কোর্সসমূহে ১ম বর্ষে ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের আগামী ০২/১০/২০২২ তারিখ হতে ১১/১০/২০২২ তারিখের মধ্যে (তবে বিজয়া দশমী, সাপ্তাহিক ছুটি, ঈদ-ই-মিলাদুন্নবী ও লক্ষ্মী পূজা উপলক্ষে, যথাক্রমে ৫/১০/২০২২, ৭/১০/২০২২ ও ৯/১০/২০২২ তারিখ ভর্তি কার্যক্রম বন্ধ থাকবে) ভর্তি নিশ্চিতের নিমিত্তে নিম্নোক্ত তথ্যাবলী অনুসরণপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে-

প্রাথমিক ভর্তির ক্ষেত্রে

নিটারে প্রাথমিক ভর্তির জন্য ডিন অফিস কর্তৃক প্রকাশিত তালিকায় প্রার্থীর মেধাক্রম, ভর্তি পরীক্ষার রোল নম্বর, প্রার্থীর নাম ভর্তি পরীক্ষার Transcript Received সিলযুক্ত মূল প্রবেশপত্রের সাথে মিলিয়ে প্রার্থীর পরিচিতি নিশ্চিত করা হবে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রার্থীর মনোনীত কলেজ ও বিষয় এর প্রিন্ট কপি দেখে প্রাথমিক ভর্তি ফি বাবদ অফেরতযোগ্য নগদ ১,০০০/- (এক হাজার) টাকা গ্রহণ করে প্রাথমিকভাবে ভর্তি নিশ্চিত করা হবে।

চূড়ান্ত ভর্তির ক্ষেত্রে

নিটারে ভর্তির জন্য ১ম মেধা তালিকা অনুযায়ী মনোনীত বিষয়ে কোন প্রার্থী চূড়ান্তভাবে অধ্যয়ন করতে চাইলে (প্রাথমিক ভর্তি ফি ১,০০০/- টাকা + নিটারের ফি ৫০,৫০০/- টাকা + ঢাবি'র রেজিস্ট্রেশন ফি ৫,০০০/- টাকা সহ) সর্বমোট ৫৬,৫০০/- (ছাপ্পান্ন হাজার পাঁচশত) টাকা এবং প্রয়োজনীয় কাগজপত্রাদি জমাপূর্বক চূড়ান্ত ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।

উক্ত ৫৬,৫০০/- (ছাপ্পান্ন হাজার পাঁচশত) টাকার মধ্যে প্রাথমিক ভর্তি ফি ১,০০০/- টাকা নগদ নিটারে প্রদান করতে হবে এবং অবশিষ্ট (৫৬,৫০০-১,০০০)= ৫৫,৫০০/- (পঞ্চাশ হাজার পাঁচশত) টাকা নিম্নলিখিত ব্যাংকসমূহের যেকোন শাখায় নিটারের হিসাব নম্বরে জমা প্রদান করে জমার স্লিপ নিটারে দাখিল করতে হবে। ব্যাংকে টাকা জমা দানের স্লিপে শিক্ষার্থীর মেধাক্রম ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।


Sl.	Name of Bank & Branch	Account Name	Account Number
1.	Dutch Bangla Bank Limited, Savar Palli Bidyut Branch	National Institute of Textile Engineering & Research (NITER)	2701100002062
2.	Exim Bank Limited, Nayarhat Branch		08111100035069
3.	Janata Bank Limited, Nayarhat Branch		0100106496794

উল্লেখ্য কোন প্রার্থী বর্তমান মনোনীত বিষয়ের পর অটো-মাইগ্রেশন না চাইলে ঐ প্রার্থীকে আগামী ১১/১০/২০২২ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে ডিন অফিসে স্বশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত ফরমে ২০০/- (দুইশত) টাকা ফি প্রদান পূর্বক মাইগ্রেশন বন্ধের আবেদন করতে হবে।

চূড়ান্ত ভর্তির প্রক্রিয়া সম্পন্ন করতে হলে প্রার্থীদের নিম্নলিখিত (Documents) ডকুমেন্টস জমা দিতে হবেঃ

- ডিন অফিস কর্তৃক Transcript Received সিলযুক্ত 'প্রযুক্তি' ইউনিট ভর্তি পরীক্ষার প্রবেশপত্র;
- এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার ট্রান্সক্রিপ্টের ফটোকপি;
- এইচ.এস.সি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি- ২টি;
- অভিভাবকের আয়ের সনদ (চাকুরিদাতা প্রতিষ্ঠানের প্রধান অথবা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ পৌর মেয়র/পৌর কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত);
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত Testimonial (চারিত্রিক সনদসহ প্রশংসাপত্র) এর ফটোকপি: ১টি;
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রসিদ ছবি।

ভর্তির বিস্তারিত তথ্যের যোগাযোগ করুনঃ ০১৭৫৫-০৬০২৭৫, ০১৮২০-০০৮৮৭৬, ০১৭২২-৩৭৮২১১, ০১৭৩৯-৪৫২৬৪১


01/10/22

অধ্যাপক ড. মোহাম্মদ জোনায়েবুর রশীদ
অধ্যক্ষ, নিটার
(অধ্যাপক, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়)